

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা  
[www.acc.org.bd](http://www.acc.org.bd)

নং: ০৪.০১.০০০০.১০৪.১৫.৫৪৫.১৭

তারিখ:

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ হাছিবুল হাসান, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (সাময়িক বরখাস্ত), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত থাকাকালে গত ১০/০৫/২০১৯ তারিখে ২২.১৫ টা সময় ১৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ নারায়ণগঞ্জ সদর মডেল থানা, নারায়ণগঞ্জের পুলিশ কর্তৃক তিনিসহ অন্য একজন ধৃত হলে তাদের বিরুদ্ধে ২০১৮ সনের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ৩৬(১) এর ১০ (ক) ধারায় নারায়ণগঞ্জ সদর মডেল থানায় (মামলা নং ৩০ তারিখ : ১১/০৫/২০১৯) মামলা রুজু করে বিজ্ঞ আদালত কর্তৃক তাকে জেল হাজতে প্রেরণ করা হয়। এতে কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়;

২। যেহেতু, উপর্যুক্ত কার্যকলাপের জন্য তাকে সাময়িক বরখাস্ত করে তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৩৯ (খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা (নং ২৬/২০১৯) রুজু করা হয়। বিভাগীয় মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে দোষী সাব্যস্ত করে কমিশনের স্মারক নং ০৪.০১.০০০০.১০৪.১৫.৫৪৫.১৭-২৫১০৫ (২০), তারিখ: ০৩/১১/২০২০ মূলে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৪০ (১)(ক)(১) বিধি অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হয়; এবং

৩। যেহেতু, তার বিরুদ্ধে নারায়ণগঞ্জ সদর মডেল থানায় আনীত ফৌজদারী মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হয়েছে এবং রুজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হয়েছে;

৪। সেহেতু, কমিশনের স্মারক নম্বর ০৪.০১.০০০০.১০৪.১৫.৫৪৫.১৭-১৯১৩২ (২০), তারিখ: ১৩/০৫/২০১৯ মূলে প্রদত্ত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং তার সাময়িক বরখাস্তের সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

ইকবাল মাহমুদ

চেয়ারম্যান

স্মারক নং: ০৪.০১.০০০০.১০৪.১৫.৫৪৫.১৭-২২০৪৬(১৬)  
অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

তারিখ: ০৪/১২/২০২০

- ১। মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পরিচালক (পর্যবেক্ষণ ও বিশারদ)/(অর্থ ও হিসাব)/(অনু ও তদন্ত-৭, খুলনা বিভাগ) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
- ৪। কমিশনার (অনুসন্ধান/তদন্ত)- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনার-এর সানুগ্রহ অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
- ৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। উপপরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। জনাব হাছিবুল হাসান, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪/১২/২০২০  
মুহাম্মদ মনিরুজ্জামান  
পরিচালক (প্রশাসন ও মানরসম্পদ)

ফোন : ০২-৯৩৫২১১৫

ইমেইল : [d.admin@acc.org.bd](mailto:d.admin@acc.org.bd)